ভोन्निश्श् ठोक्ट तत्र शनावनी।

बी द्वीक्ननाथ ठाकूत कर्ज्क

প্রকাশিত।

কলিকাতা

चापि खाकामयांक यख

कालिमाम ठकवर्डी बाता

नुष्ठि ।

नन ১२२১।

उৎम्य।

ভানুসিংহের কবিতাগুলি ছাপাইতে তুমি আমাকে অনেকবার অনুরোধ করিয়াছিলে। তখন সে অনুরোধ পালন করি নাই। আজ ছাপাই-য়াছি, আজ তুমি আর দেখিতে পাইলে না!

विख्लाश्रन।

ভানুসিংহের পদাবলী শৈশব সঙ্গীতের আনুষঙ্গিক স্বরূপে প্রকাশিত হইল। ইহার অধিকাংশই পুরাতন কালের খাতা হইতে সন্ধান করিয়া বাহির করিয়াছি।

প্রকাশক।

स्ठी शव।

বিষয়	,		र्वेश ।
বসন্ত আওল রে	•••	• • •	2
खनला खनला वानिका	***	•••	8
श्वत्रक माध मिगा उन श्वर्य	•••	• • •	৬
भाग्य (त्र, नियि किठिन यन (ভোর	• • •	>
সজনি সজনি রাধিকালো	•••	•••	১২
বঁধুয়া, হিয়াপর আওরে	•••	~* ••	78
শুন স্থি বাজ্জ বাঁশি	•••	. • •	2 " 5
গহন কুম্বম কুঞ্জ মাঝে	•••	•••	74
সভিমির রজনী	•••	• • •	२०
বাজাও রে মোহন বাঁশি	•••	•••	२२
আজু সথি মুহু মুহ্	***	•••	२৫
গহির নীদমে	•••	•••	२४
সজনি গো, শাঙন গগনে	•••	989	ره
বাদর বর্থন	•••	***	98
স্থিরে পিরীত বুঝ্বে কে	***	•••	৩৭
रुम मथि मातिम नाती	•••	***	و.
माध्य, ना कह जानत वानी	•••	• •	82

বিষয়		शृष्ट्रा ।
স্থিলো, স্থিলো নিক্কণ মাধ্ব	•••	8¢
বার বার, নখি, বারণ করন্থ ···	•••	a •
(एथ(ला मजनी ठांपनि त्रक्रनी	•••	¢8.
মরণ রে, ভূঁহু মম শ্যাম নমান		Cb

ক/১০১ ভারসিংহের পদাবলী।

(7)

বাহার ।

বসস্তু আওল রে!
মধুকর গুন গুন, অমুরা মঞ্জরী
কানন ছাওল রে।
শুন শুন সজনী হাদয় প্রাণ মম
হরখে আফুল ভেল,
জর জর রিঝসে (১) হুখ জ্বালা সব
দূর দূর চলি গেল।

> तियाम—शमय श्रेष्ठ। तिया—शमय। थ >

यत्राय वर्हे वम्ख मगीत्रन, यत्राय कृष्टे यूल, মরম কুঞ্জপর বোলই কুহু কুহু অহরহ কেশকিল কুল। সখিরে উছ্দত প্রেমভরে অব ঢলঢল বিহ্বল প্রাণ, নিখিল জগত জনু (২) হরখ-ভোর ভার গাবই প্রেমক গান। যাও যাও স্থি মাধ্ব পালে শ্যামক আনহ ডাকি, কহিও বনময় ফুটল ফুলদল গাওত শত শত পাখী। কহিও সারা জগত হরখময়

হাসত উনমদ প্রাণে,

ত্রথিনী রাধা হাসব হরখে
হেরয়ি ভছু মুখপানে।
ভরমিব ছুঁ হু মিলি সারা বনময়
মোহন যমুনা ভীরে,

মাতল মানস আকুল ভইবে অতি মৃত্নন্দ সমীরে। নীরব রাতে ধীর ধীর অতি

উলসিত ফুলদল পুলকিত যমুনা, জাগবে কানন ধাম।

বাশি বজাওবে শ্যাম,

ভানু কহত অতি গহন রয়ন (৩) অব,
বসন্ত সমীর শ্বাদে
আকুল বিহ্বল রিঝ উনমাতল,
নয়ান মূদিয়ি আসে।

৩ রয়ন—রজনী।

(\(\)

ভৈরবী।

শুনলো শুনলো বালিকা,
রাখ কুস্থম মালিকা,
কুঞ্জ কেরনু সখি শ্যামচন্দ্র নাহিরে।
কুলই কুস্থম মুঞ্জরী,
ভমর কিরই গুঞ্জরী,
অলস যমুন বহয়ি যায় ললিভ গীত গাহিরে।
শশি-সনাথ যামিনী।
বিরহ-বিধুর কামিনী,
কুস্থমহার ভইল ভার হৃদয় তার দাহিছে,
অধর উঠই কাঁপিয়া,
স্থি-করে কর আপিয়া,

কুঞ্জভবনে পাপিয়া কাছে গীত গাহিছে।

মৃত্ব সমীর সঞ্চলে
হরমি শিথিল অঞ্চলে,
বালি (৪) হৃদয় চঞ্চলে কানন-পথ চাহিরে;
কুঞ্জপানে হেরিয়া,
অঞ্চবারি ডারিয়া
ভানু গায় শূন্যকুঞ্জ শ্যামচন্দ্র নাহিরে!

8 वानि—वानिका

S

(0)

निन्छ।

হাদয়ক সাধ মিশাওল হাদয়ে, कर्श एक पडल याना। স্থিলো নয়ন জলে বহি গল রয়ণী তব নহি আওল কালা। কত সাধে সখি আসনু কুঞ্জে, পহিরমু নীল নিচোল, রচয়নু কুস্কুম শয়ান মনোমভ, মন্দির করনু উজোল। চল সখি গৃহে চল, মুছহ নয়ন জল, **ढल मिथ ढल गृश्कार्ड,** মালতি মালা রাখহ বালা, हिहि मिथ यक यक लां जि।

বুঝারু বুঝারু সাখি বিফল বিফল সব বিফল এ পীরিতি লেহা (৫)। বিফলরে এ মঝু (৬) জীবন যৌবন, বিফলরে এ মঝু দেহা! স্থিলো কোন নিদাৰুণ ব্যাধি জনমিল মরমে মোর, সখিলো দাৰুণ প্ৰণয় হলাহল জীবন করইল ভোর। তৃষিত প্রাণ মম দিবস যামিনী শ্যামক দরশন আশে, আকুল জীবন থেহ (৭) ন মানে, অহরহ জ্বলত ত্তাশে। সত্য কহিলো সখি তোয়, খোয়ব কব হম শ্যামক প্রেম সদা ভের লাগয়ে মোয়।

৫ লেহা—অনুরাগ। ৬ মঝু—আমার। ৭ থেহ—হৈথ্য।

ভান্নিংহের পদাবলী।

হিয়ে হিয়ে অব রাখত মাধব,
সো দিন আসব সখিরে,
বাত ন বোলবে, বদন ন হেরবে,
মরিব হলাহল ভখিরে!
ঐস রথা ভয় না কর বালা,
ভানু নিবেদয় চরণে,
স্থজনক পীরিতি নোতুন নিতি নিতি,
নহি টুটে জীবন মরণে।

(8)

বেহাগড়া।

শ্যামরে, নিপট কঠিন মন ভোর। বোয়ত রোয়ত সজনী রাধা রজনী করত স ভোর। একলি বিরল কুটীরে বৈঠত চাহত যমুনা পানে,— ছল ছল নয়ন, বচন ন'হি নিকসত, পরাণ থেহ ন মানে। ঘোর গহন নিশি একলি রাধা যায় কদম তৰুমূলে, ভূমি শয়ন পর আকুল কুম্বল, কাঁদই আপন ভূলে। महमा চयक्षि हारा मशे कडू মগান যখন গৃহ কাজে—

ष्ट्राष्टि **जामित्र (वादल "अन्दला,** । শ্যামক বাশরি বাজে।" আনমনে সো অবলা বালা বৈসয়ি গুৰুজন মাঝে, তুয়া নাম বঁধু লিখত ভূমি পর, **ठयकि यूहरे পून लाएक**। নিঠুর শ্যামরে, কৈসে অব তুঁ ভূঁ - রহত দূর মথুরায়— ঘোরা রজনী কৈদ গোঁয়ায়দি কৈদ দিবস তব যায়! কৈদ মিটাওসি প্রেম পিপাসা কঁহা বজাওসি বাঁশি ? পীতবাস তুঁ ভ কথিরে (৮) ছোড়লি, কথি সো বঙ্কিম হাসি ? কনক হার অব পহিরলি কঠে, কথি কেকলি বন মালা ?

৮ কথি—কোথায়।

গোপী হৃদয় অঁধার করলিরে,
সিংহাসন কর আলা;
এ ত্র্থ চিরদিন রহি গল মনমে,
ভানু কহে, ছি ছি কালা!
ঝটিভি আও তুত্ত হ্মারি সাথে,
বিরহ ব্যাকুলা বালা।

(0)

गहत्।

সজনি সজনি রাধিকালো দেখ অবলু চাহিয়া, মৃত্ল গমন শ্যাম আওয়ে মূজুল গান গাহিয়া। পিনহ ঝটিত কুসুম হার, পিনহ নীল আডিয়া। স্পরি সিন্দর দেকে সী থি করহ রাভিয়া। সহচরি সব নাচ নাচ মধুর গীত গাওরে, চঞ্চল মঞ্জীর রাব कूक गर्भन ছाउदत्र।

সজনি অব উজার মঁদির কনক দীপ জালিয়া, স্থুরভি করহ কুঞ্জ ভবন शक्त मिलन जिया। মল্লিকা চমেলি বেলি কুমুম তুলহ বালিকা, গাথ যুথি, গাঁথ জাতি, গাঁথ বকুল মালিকা। তৃষিত-নয়ন ভানুসিংহ কুঞ্জ-পথম চাছিয়া यृङ्ल गंयन नाग्य चाउद्य, মূদুল গান গাহিয়া।

(&)

ভৈরবী।

বঁধুয়া, হিয়া পর আওরে, মিঠি মিঠি হাসয়ি, মৃত্ন মধু ভাষয়ি, হ্মার মুখ পর চাওরে! যুগ যুগ সম কভ দিবস বছয়ি গল, ্শ্যাম তু আওলি না, চন্দ-উজর মধু-মধুর কুঞ্জপর মুরলি বজাওলি না! লয়ি গলি সাথ বয়ানক হাসরে, लिश गिलि नश्न-जानम ! भूना तुन्तावन, भूना छात्र यन, कहि हिल उ यूथ एन ? हिथि (১) ছिल আকুল গোপ নয়ন জল, কথি (২) ছিল ও তব হাসি ?

३ देशि-जशान। २ कशि-काशात्र।

.इधि ছिल नौत्रव वश्लीविदेखि, কথি ছিল ও তব বাঁশি! আওলি যদিরে ঠারলি কাহে, मत्राय यालिन व्यान ! আপন দুখ কথা কছু নহি বোলব, নিয়ড় (৩) আও তুঁ হু কান! তুঝ মুখ চাহয়ি শত-যুগ-ভর হুখ নিমিখে ভেল অবসান। এক হাসি তুঝ দুর করল রে সকল মান অভিমান! ধন্য ধন্য রে ভানু গাহিছে প্রেমক নাহিক ওর (৪)। হরখে পুলকিত জগত চরাচর ছুঁহুঁক প্রেমরস ভোর।

० निश्रफ़-निक्छ।

৪ ওর--দীমা।

(9)

বেহাগ।

শুন স্থি বাজত বাঁশি। গভীর রজনী, উজল কুঞ্জপথ, চাঁদম ভারত হাদি। ্দক্ষিণ প্ৰনে কম্পিত ভৰুগণ, ন্তন্তিত যমুনা বারি, কুমুম সুবাস উদাস ভইল, স্থি, উদাস হৃদয় হ্যারি। বিগলিত মরম, চরণ থলিত গতি, সরম ভরম গায়ি দূর, নয়ন বারি-ভর, গরগর অন্তর, হাদয় পুলক-পরিপুর। কহ সখি, কছ সখি, মিনতি রাখ সখি, সো কি হ্যারই শ্যাম !

মধুর কাননে মধুর বাশরী বজায় হ্যারি নাম!

কত কত যুগ সধি পুণ্য করন্থ হয়, দেবত করন্থ ধেয়ান,

তবত মিলল স্থি শ্যাম রতন ম্ম, শ্যাম হ্মারই প্রাণ।

न्याय (त-

শুনত শুনত তব মোহন খাঁশি জপত জপত তব নামে,

সাথ ভইল ময় দেহ ড্বায়ব চাদ-উজল যমুনামে!

"চলহ তুরিত গতি শ্যাম চকিত অতি, ধরহ স্থীজন হাত,

নীদ-মগন মহী, ভয় ভর কছু নহি, ভান্ন চলে ভব সাধ।" (b)

বিঁবিট।

গহন কুম্বম-কুঞ্জ মাঝে
মৃত্রল মধুর বংশি বাজে,
বিসরি ত্রাস লোক লাজে

সজনি, আও আও লো।
পিনহ চাৰু নীল বাস,
হাদয়ে প্ৰণয় কুমুম রাশ,
হরিণ নেত্রে বিমল হাস,

কুঞ্জ বনমে আও লো।।

ঢালে কুমুম মুরভ-ভার,

ঢালে বিহুগ স্থুরব-সার,

ঢালে ইন্দু অমৃত-ধার

विभन त्रक्छ छ। जिद्र।

মন্দ মন্দ ভূক গ্ৰন্থে, অযুত কুম্বম কুঞ্জে কুঞ্জে, ফুটল সজনি পুঞ্জে পুঞ্জে

বকুল যৃথি জাতিরে॥
দেখলো সখি শ্যামরায়,
নয়নে প্রেম উথল যায়,
মধুর বদন অমৃত সদন

চন্দ্রমায় নিন্দিছে
আও আও সজনি-রন্দ,
হেরব সথি জ্রীগোবিন্দ,
শ্যামকো পদারবিন্দ—
ভান্নসিংহ বন্দিছে ।

(5)

মিশ্ৰ জয়জয়ন্তী।

সভিমির রজনী, সচকিত সজনী भूना निक्क व्यवगा! কলয়িত মলয়ে, স্থবিজন নিলয়ে বালা বিরহ-বিষয়! নীল অকাশে, তারক ভাসে যমুনা গাওত গান, পাদপ মরমর, নির্বার ঝারঝার কুমুমিত বল্লি বিভান। তৃষিত নয়ানে, বন-পথ পানে চায় বিয়াকুল বালা, দেখ न পাওয়ে, আখ ফিরাওয়ে गाँदि वन-कुल गांला।

সহসা রাধা চাহল সচকিত দুরে খেপল মালা,

কহল "সজনি শুন, বাঁশরি বাজে কুঞ্জে আওল কালা!"

চমকি গছন নিশি, দূর দূর দিশি বাজত বাঁশি স্থতানে।

কণ্ঠ মিলাওল, ঢল্টল যমুনা কল কল কলোল গানে।

হসিত বয়ানে ফুল্ল নয়ানে কুঞ্জে আগুল কালা,

সঙ্গিনী মেলয়ি, নাচল গাওল উলসিল রাধিক বালা।

কহতহ ভানু—শুন গো কানু পিয়াসিত গোপিনী প্রাণ। ভোঁহার পীরিত বিমল অমৃত রস হরষে করবে পান। (>)

মূলতান।

বজাও রে মোহন বাঁশী!

সারা দিবসক বিরহ দহন-ছ্থ,

মরমক তিয়াষ নাশি।

রিঝ (৫) মন-ভেদন বাঁশরি-বাদন

কঁহা শিখলিরে কান ?

হানে থির থির, মরম অবশকর

লহু লহু মধুময় বাণ।

ধস ধস করতহ উরহ বিয়াকুলু

দুলু দুলু অবশ-নয়ান।

কত কত বরষক বাত সোঁয়ারয় (৬)

অধীর করয় পরাণ।

৫ রিঝ—হাদয়। ৬ সোঁয়ারয়—স্মরণ করাইয়া দেয়। কত শত আশা পুরল না বঁধু কত স্থা করল পয়ান।

পছগো (৭) কত শত পিরীত-যাতন হিয়ে বিধাওল বাণ।

হ্বদয় উদাসয়, নয়ন উছাসয় দাৰুণ মধুময় গান।

সাধ যায় বঁধু, যমুনা বারিম ডারিব দগধ-পরাণ।

সাধ যায় পজ্, রাখি চরণ তব হৃদয় মাঝ হৃদয়েশ!

হাদর-জুড়াওন বদন-চন্দ্র তব হেরব জীবন শেষ।

সাধ যায় বঁধু, ভোঁহার দেহ মিলাওব দেহ ম মোর।

ণ পছগো—প্রস্থু।

মিলন সনে জনু বিরহ মিলব রে দিবস রাতি ভরি (ভার। (৮) সাধ যায় বঁধু! তুহুঁ তুহুঁ মেলয়ি ই হলে কর্য়ি প্য়ান, মেঘ মেঘ পর হরখে ভরমিব তু ত্ মিলি করইব গান। সাধ যায় ইছ চাঁদম কিরণে, , কুস্থমিত কুঞ্জ বিভানে, বসস্ত বায়ে, প্রাণ মিশায়ব, বাশিক স্থমপুর গানে। প্রাণ ভৈবে মঝু বেণু-গীতময়, রাধাময় তব বেণু। জয় জয় মাধব, জয় জয় রাধা, **इतरन क्षनरम जातू।**

৮ विद्रष्ट (यन मिनदात्र मद्य भिनित्रा थाकित्य।

(55)

মিশ্র বেহাগ।

আজু দখি মুহু মুহু
গাহে পিক কুহু কুহু,
কুঞ্জবনে ঘুঁহু ঘুঁহু
দৌহার পানে চায়।
যুবন-মদ-বিলসিত,
পুলকে হিয়া উলসিত,
অবশ তমু অলসিত
মুরছি জমু যায়!

व्याष्ट्र मधु हैं। प्रती श्वाग-ऐनमाप्ती, विधिन मत दांधनी, श्विशिन छहे लाख। বচন মৃত্ব মরমর, কাঁপে রিঝ পরথর, শিহরে তনু জরজর কুস্থম-বন মাঝ!

মলয় মৃত্ন কলয়িছে,
চরণ নহি চলয়িছে,
বচন মুত্থ খলয়িছে,
অঞ্চল লুটায়!
আধকুট শতদল,
বায়ুভরে টলমল,
আঁখি জন্ম চলচল
চাহিতে নাহি চায়!

অলকে ফুল কাঁপয়ি কপোলে পড়ে ঝাঁপয়ি, মধু অনলে ভাপয়ি খদয়ি পড়ু পায়! মারই শিরে ফুলদল,

যমুনা বহে কলকল,

হাসে শশি চলচল

ভানু মরি যায়!

(>2)

থাম্বাজ।

গহির নীদমে (১) বিবশ শ্যাম মম, অধরে বিকশত হাস, মধুর বদনমে মধুর ভাব অতি কিয়ে পায় পরকাশ! চুম্বরু শভ শভ চত্র বদন রে, তবহু ন পূরল আশ, অতি ধীরে ময় হৃদয়ে রাধন্ নহি নহি মিটল তিয়াব। न्याम, सूर्य जूल नीम याउ शल মঝু এ প্রেমময় উরসে, অনিমিখ নয়নে সারা রজনী হেরব মুখ তব হরবে।

১ शश्त्र नीम भागा ।

শ্যাম, মুখে তব মধুর অধরমে হাস বিকাশত কায়,

কোন্ স্বপন অব দেখত মাধ্ব, কহবে কোন্ হমায়!

এ স্থুখ স্থপনে মৈক (২) কি দেখত হরষে বিকশত হাসি ?

শ্যাম, শ্যাম মম, কৈদে শোষব ভূঁতক প্রেমঋণ রাশি!

জনম জনম মম প্রাণ পূর্ণ করি থাক হৃদয় করি আলা,

ভূঁ হুক পাশ রহি হাসয়ি হাসয়ি সহব সকল তুখ জ্বালা।

বিহঙ্গ, কাহ তু বোলন লাগলি ? শ্যাম যুমায় হুমারা,

রহ রহ চন্দ্রম, ঢাল ঢাল, তব শীতল জোছন-গারা!

२ रेमक--आभारक।

তারা-মালিনী মধুরা যামিনী ' ন যাও ন যাও বালা, নিরদয় রবি, অব কাহ তু আওলি আনলি বিরহক জ্বালা! হ্মার সারা জীবন জনি ইহ রজনী রহত সমান, হের্য়ি হের্য়ি শ্যামমুখচছবি প্রাণ ভইত অবসান! ভানু কহত অব "রবি অতি নিষ্ঠুর, निन-शिलन অভিলাধে কত শত নারীক মিলন টুটাওত, ডারত বিরহ-হুতাশে!"

(20)

মলার।

সজনি গো—— শাঙন (৩) গগনে ঘোর ঘনঘটা অঁধার যামিনীরে। कुञ्जभाष मिथ, किएम गां उव অবলা কামিনীরে। উন্মদ প্রবনে যমুনা উথলত ঘন ঘন গরজত মেহ (৪)। দমকত বিহাত বজু নিনাদত, থরহর কম্পত দেহ। घन घन तिभ् लिभ् तिभ् लिभ् तिभ् लिभ्, বরখত (৫) নীরদ পুঞ্জ।

७ गाँडन- व्यावन। । । ।

৫ বরখত—বর্ষিতেছে।

ষোর তমস তব্দ তাল তমালে।
নিবিড় তিমিরখন কুঞ্জ।
বোল ত সজনী এ ছুৰুযোগে
কুঞ্জে নিরদয় কান
দাৰুণ বাঁশী কাহ বজায়ত
রাধা রাধা নাম।

সজনি—

মোতিম হারে বেশ বনা দে সাঁথি লগা দে ভালে।

উরহি বিলোলিত শিথিল চিকুর মম বাঁধহ মালত মালে।

নয়নে অঞ্জন রঞ্জহ সত্ত্রর অলত লগা দে পায়।

একল যাওব ষঁছি রে বাঁশী রাধা রাধা গায়।

হিয়া মাঝ সখি প্রেম দীপতহ অধামে ক্যা হয় ডরলো। শ্যামক ছোড়য় রাধা কয়সে

একলি রহবে ঘর লো।

গহন রয়নমে ন যাও বালা

নওল কিশোর-ক পাশ।

গরজে ঘন ঘন, বহু ডর খাওব

কহে ভাতু তব দাস।

(38)

মলার

বাদর বরখন, নীরদ গারজন, বিজুলী চমকন ঘোর, উপেথই কৈছে, আও তু কুঞ্ নিতি নিতি মাধব মোর! ঐছন কুঞ্জে আসিও না তু হু, মিনতি করত হতভাগী, মাধব কাছ তু পাওব তুখরে, দ্বিনী হ্মার লাগি ? ঘন ঘন চপলা চমকয় যব পত্ বজর পাত যব হোয়, তুঁত্ক বাত তব সমরয়ি মাধ্ব ডর অতি লাগত মোয়!

অঙ্গ-বসন তব, ভী ধত (৬) মাধব ঘন ঘন বর্থত মেহ,

ক্ষুদ্র বালি (৭) হম, হমকো লাগয় কাহ উপেথবি দেহ ?

কত জ্বালা হুখ সহলি শ্যাম তুঁত্, হুমার পীরিত লাগি,

সহলিরে গঞ্জন দেশ বিদেশে ভইলিরে কলক্ষভাগী!

যাও যাও পহু, মথুরানগরে মিটবে সব স্থখ-আশা।

জনম জনম তুঁ হু সিংহাসন পরি করহ সুখে পহু বাস।

দূরদেশ রহি লোক মুখে হম শুনইব তুঝ যশগান,

দুরদেশ রহি, মহিমা শুনি তব ধন্য মানইব প্রাণ!

৬ ভীখভ—ভিঝিছে। ৭ বালি—বালিকা।

বিসরো (৮) মাধব গোপিনী জনকো,
বিসরো ময়কো শ্যাম,
বিসরো মাধব, পীরিতি লীলা
স্থ-বৃন্দাবন ধাম।
ভানু কহে বৃকভানুনন্দিনী
প্রেমসিমু মম কালা
গোঁহার লাগ্য প্রেমক লাগ্য
সব কছু সহবে জ্বালা!

৮ বিদরো — বিশ্বত হও।

. (5¢)

টোড়ি।

সখিরে—পিরীত বুঝাবে কে ? অঁধার হাদয়ক ত্রুখ কাহিনী বোলব, শুনবে কে প রাধিকার অতি অন্তর বেদন কে বুঝবে অয়ি সজনী কে বুঝাবে স্থি রোয়ত রাধা কোন দুখে দিন রজনী ? কলক্ষ রটায়ব জনি সখি রটাও (১) কলঙ্ক নাহিক মানি, সকল ভয়াগৰ লভিত্তে শ্যামক একঠো আদর বাণী। মিনতি করিলো সখি শত শত বার, তু শ্যামক না দিহ গারি,

> तर्षा अन्य किन्द्र तर्षा विष्य ।

শীল মান কুল, অপনি সজনি হয়, চরণে দেয়নু ডারি।

স্থিলো----

রুন্দাবনকো প্রুক্তন মানুখ পিরীত নাহিক জানে,

র্থাই নিন্দা কাছ রটায়ত হুমার শ্যামক নামে ?

কলক্ষিনী হম রাধা, স্থিলো মূণা করহ জনি (২) মনমে,

ন আসিও তব্ কবহু সজনি লো হুমার অধা ভবনমে।

কহে ভানু অব—বুঝবে না সখি কোহি মরমকো বাত,

বিরলে শ্যামক কহিও বেদন, বক্ষে রাখয়ি মাথ!

२ जिन-गिन।

(36)

ভৈরবী।

হম সথি দারিদ নারী!
জনম অবধি হম পীরিতি করনু
মোচনু লোচন-বারি।
রূপ নাহি মম, কছুই নাহি গুণ
 ঘুথিনী আহির জাতি,
নাহি জানি কছু বিলাস-ভঙ্গিম
 যৌবন গরবে মাতি।
অবলা রমণী, ক্ষুদ্র হৃদয় ভরি
পীরিত করনে জানি;

এক নিমিখ পল, নিরখি শ্যাম জনি সোই বহুত করি মানি। কুঞ্জ পথে যব নিরখি সজনি হম, শ্যামক চরণক চীনা, শত শত বেরি ধূলি চুম্বি স্থিৎ রতন পাই জনু দীনা। নিঠুর বিধাতা, এ দুখ-জনমে মাঙৰ কি তুয়া পাশ! জনম অভাগী, উপেখিতা হম, বহুত নাহি করি আশ,— দূর থাকি হ্ম রূপ হেরইব, मृत्त छनइव वाभि। मृतं मूत ति श्रीथिव শ্যামক মোহন হাসি। শ্যাম-প্রেয়সি রাধা! স্থিলো! থাক' সুখে চিরদিন! তুয়া স্থা হ্য রোয়ব না সখি অভাগিনী গুণ হীন। অপন দুখে সখি, হম রোয়ব লো, নিভূতে মুছইব বারি।

কোহি ন জানব, কোন বিষাদে তন-মন দহে হমারি।
ভানু সিংহ ভনয়ে, শুন কালা
ত্বিনী অবলা বালা—
উপেধার অতি তিধিনী বাণে
না দিহ না দিহ জালা।

(59)

বাহার।

মাধব! না কছ আদর বাণী, না কর প্রেমক নাম! জানায় ময়কো অবলা সরলা ছলনা না কর শ্যাম ! কপট! কাছ ভুঁহু ঝূট বোলসি পীরিভ করসি মোয়? ভালে ভালে হম অলপে চিত্নর না পতিয়াব রে তোয়! তুঁহু না জানদি প্রেমক ধারা কঠিন হাদয় মধুভাষী— • পরশি দেহ মম সাঁচি বোল' অব নহ তুঁ তুঁ রূপ-পিয়াসী ?

যাও শ্যাম ভব্—মিলবে শত শত হমসে রূপসি নারী।

তুচ্ছ বালি হম কাছ তুট্টিসি স্কুদ্রে এ হৃদয় হমারি ?

দূর রহয়ি হম রহব তোঁহাঁরই, সমরিব তোঁহারি বাণী,

চিন্তায়ি তোঁহারি বদন ভয়াগব স্কুদ্রে পরাণী!

ছিদল-ভরী সম কপট-প্রেম পর ডারন্থ যব মন প্রাণ,

ডুবনু ডুবনু রে ঘোর সায়রে অব কুত নাহিক ত্রাণ!

মাধব, কঠোর বাত হ্যারা মনে লাগল কি তোর ?

নিপট (৩) কঠিন ত্র্থ সহয়ি কছনু সব ক্ষমগো কুবচন মোর!

৩ নিপট--- অভ্যন্ত।

মাধব! কাহ তু মলিন করলি মুখ ? কুঞ্জে আসহ নাথ!

মধুর হাসি তুঝ হাসহ হাসহ

রাখহ কাতর বাত!

নিদয়-বাত অব কবলুঁ ন বোলব

তুঁ হুঁ মম প্রাণক প্রাণ!

অতি অবোধ হম—ব্যথিনু হিয়া তব

ছোড়য়ি কুবচন-বাণ!

বাত রাখ' মঝু বেরি বোল' পত্

रुगरक। कत्र मिर्निश् (8)

বেরি বোল পত্ত আদর বাণী

চলহ কুঞ্জ বন-গেহ!

মিটল মান অব—ভানু হাসয়ত

হেরই পীরিত-লীলা

क्टू অভিমানিনী আদরিণী क्टू

পীরিতি-সাগর-বালা!

৪ আমার কথা রাখ একবার বল প্রভু যে ভূমি আমাকে ভাল বাস ৭

(>>)

(मणा

मिथिटला, मिथिटला, निकब्ध गांधव মথুরাপুর যব যায়, মনম করল পণ মানিনী রাধা, রোয়বে না সো না দিবে বাধা, কঠিন-হিয়া সই, হাসয়ি হাসয়ি न्यायक मिट्य विमाश! মৃহু মৃহু গমনে আওল মাধা, বয়ন পান তছু চাহল রাধা, চাহয়ি রহল' স চাহয়ি রহল', দও দও সখি চাহয়ি রহল, यन यन मिथ नग्रान वहन বিন্তু বিন্তু জল ধার!

यूष्ट्र यूष्ट्र शादम देवर्रल शादम, কছল শ্যাম কত, মূহু মূহু ভাষে, दैविशि भड़ेल श्रम, देवेड्ल यान, গদ পদ আকুল ব্যাকুল প্রাণ, ফুকরয়ি কাঁদয়ি উঠইল রাধা, গদ গদ ভাষ নিকাশল আধা, শ্যামক চরণে বাহু পদারি কহল, "শ্যামরে, শ্যাম হমারি, রহ' তুঁহু, রহ তুঁহু, নাহ গ, রহ তুঁহু, অনুথন সাথ সাথ রে রহ পত্ তুঁহু বিনে শ্যাম গ, নাহ গ, পহু গো, আছ্য় কোন্ হমার!" পড়ল ভূমি পর শ্যাম চরণ ধরি, রাখল মুখ তছু শ্যাম চরণ পরি, উছিদি উছিদি কত কাঁদ্য়ি কাঁদ্য়ি রজনী করল প্রভাত!

শ্যাম স বৈদল, মৃত্র মৃত্র হাদল,
কত অশোয়াস বচন মিঠ ভাষল,
ধরইল বালিক হাত!
স্থিলো, স্থিলো, বোল'ত স্থিলো
যত তুথ পাওল রাধা,
নিঠুর শ্যাম কিয়ে আপন মনমে
পাওল স্থি তছু আধা ?
হাস্যি হাস্যি নিক্টে আস্যি
বহুত স প্রবোধ দেল,

বন্ত স প্রবোধ দেল,
হাসিয়ি হাসিয়ি পলটয়ি চাহয়ি
দূর—দূর চলি গেল!
স্থিলো, স্থিলো, শ্যাম স হাসল,

ভরতু স কাঁদল না! বসস্ত রাতে হাসয়ি যব্ স্থি রাধা বন্ধে আসে,

দাৰুণ মন-দুখ পাওল রাধা

শ্যাম স আদল না,

सूनोल अकल, नश्न विष्ठकल, তব্ স কানু মৃত্ হাসে; হাত ধরয়ি তছু হিয়য়ি ঢাকি মুখ বালি রহই যব্ পালে, চুম্বয়ি চুম্বয়ি কপোল চুম্বায় তব্স কানু মৃত্ হাসে! यत् मिथ आक म ताश कॅमिन, তব সথি কাঁদল না! বৈড়ি চরণ তছু তিতল চরণতল তবলু স কাঁদল না! অবহু স মধুরাপুরক পাস্থমে ইহ যব্ রোয়ত রাধা, যাতে যাতে অব মনে শ্যাম কিরে পায় শোক তিল-আগা? যাতে যাতে অব পথমে মাধৰ সমরণ করয় কি বেরি

তাকর বিরহে আকুল রাধা
কাঁদি কাঁদি পথ হেরি ?
বর্থি আঁথিজল ভানু কহে "অতি
দুখের জীবন ভাই!
হাসিবার তর সধা মিলে বহু
কাঁদিবার কো নাই।"

(22)

ইমন কল্যাণ।

বার বার সখি বারণ করনু ন যাও মথুরা ধাম! বিসরি প্রেম হুখ, রাজভোগ যথি (১) করত হমারই শ্যাম। কি কছলি রসন ? হুমারই শ্যাম সো? কি বুঝলি পাগল প্রাণ ? অব তক (২) যুচল ন ভাতি (৩) তুয়া মন! সো কি হ্যারই শ্যাম ? শত শত দেশ পদানত যিনকো (৪) শত শত মানুধ দাস,

> यथि—(यथान।

২ অব তক—এখন পর্যান্ত।

७ ভাতি—ভান্ত। । ।

শত শত রাজা রোষ-কটাবে যনমে যানে তরাস,

ছুখিনী গোপিনী, হম অবলা স্থি, সোকি হমারই শ্যাম ?

বোল ত সজনি, মথুরা-অধিপতি সোকি হুমারই শ্যাম ?

থনকো শ্যাম সো, মথুরা পুরকো, রাজ্য মানকো হোয়,

নহ পীরিতিকো, ত্রজ কামিনীকো, নিচয় কহন্তু ময় তোয়।

ন যাও সজনী মথুরা নগরে ভেটইতে সো শ্যাম,

সমরাইও না (৫) স্থি, শ্যামক মন্দে । ভূখিনী হ্যার নাম।

৫ मगत्रादेख ना--- श्रद्रश कत्रादेखना।

বাত রাথ মঝু (৬) নিতান্ত সহিলো মথুরা পুর জনি (৭) যাহ, দূর সঙ্ভে তু পেখিও শ্যামক (৮) কৈছন আছয় নাহ। (৯) জिन मिथ (मथ भा, यनका इत्रथ করত স্থাধে পুর-বাস, শপতি হ্যার লো, তব্ সথি ন যাও मथुता পতিকো পাশ। জনি দেখো তুঁ হুঁ সোবি সহত সিধ দাৰুণ বিরহক জ্বালা, তব্ স্থি স্থিও শ্যামক চরণে ইহ বন-কুসুমক মালা ! कहिउ, ताश, द्विनो ताश-মথুরা-অধিপতি কান,

[়] ৬ মঝু—আমার।

१ खनि-यमि।

৮ পেथिও गामिक—मृत श्रेष्ठ ष्ट्रिम गामिक मिथि ।

৯ जाह्य नार-नाथ (क्यन जाह्न।

দুখজ্বালা তব, বারইতে (১০) সব স্পবে তন মন প্রাণ। উরস পাতবে, অবশ মাথ তব রাখব তছু পরি মাধা, ভোষইতে মন সব কছু করবে যত কছু জানয় রাধা! ভানু কহত—অয়ি বিরহ কাতরা মনমে বাধহ থেহ। (১১) मूखश वाला, तूबारे तूबालिना, रुगांत न्यागिक (लह। (১২)

>॰ वात्रहेष्ड— निवात्र कतिष्ठ।

১১ वाँ ४२ (थ२-- टिश्या वाँ रिया।

>२ (नर्-जानवामा।

(20)

(वश्रा ।

(पथ्टला जजनी हाँपनि तजनी, मयुक्जन ययूना गांउक गांन, কানন কানন করত সমীরণ कुञ्चरम कूञ्चरम क्षून मान। কাছ লো যমুনা জোছন-ঢল ঢল সুহাদ সুনীল বারি ? আজু তোঁহারই উজল সলিল পর নয়ন সলিল দিব ডারি। কাছ সমীরণ লুটই কুসুম-বন व्यविम পড়िम यसूनाय ? তোঁহার চম্পক-বাসিত লহুক্লে মিশাব নিশাস-বায়।

জনম গোঁয়ায়নু ব্রোয়ত রোয়ত হ্ম তর কোই ত কাদল না! জনম গোয়ায়নু সাধত সাধত হ্মকো কোইত সাধল না! সকল তয়াগনু যো ধন আংশ সো বি তয়াগল মোয় অপন ছোড়ি সব, অপন করনু যোয় সোবি সজনি পর ছোয়! যমুনে হাদ হাদ লো হরখে হম তর রোয়বে কে ? তোঁহারি সুহসিত নীল সলিল পরি রাখা সঁপবে দে! এক দিবদ যব মাধ হ্মারা আসবে কিনার ভোর,— यव मा (१५८व जिल्ला ভাসত তনুয়া মোর—

তব্ কি শ্যাম সো মানস পাশে তিল হুখ পাওবে না ? भागिक नय़त्न विन्ध्र नय़न जन তবহু কি আওবে না ? রয়নে কুঞ্জে আসবে যব সখি শ্যাম হ্যারই আমে, ফুকারবে যব্ রাধা রাধা মূরলি উরধ-শ্বাদে, यव नव भाशिनी जानत्व इ हेरे যব হ্ম আসব না; यव भव शांशिनी जागद हमकरे যব হ্ম জাগব না, তব কি কুঞ্জপথ হমারি আন্দো হেরবে আকুল শ্যাম ? वन वन रकतरे मा कि क्कांतरव রাধা রাধা নাম ?

ं ভাশু निং ह्य भावनी।

- না যমুনা, সো এক শ্যাম মম শ্যামক শত শত নারী;
- হম যব যাওব শত শত রাধা চরণে রহবে তারি!
- তব সখি যমুনে, যাই নিকুঞ্জে, কাহ তয়াগব দে ?
- অভাগীর তর বৃন্দাবনমে কছ স্থি, রোয়ব কে!
- ভানু কহে চুপি মান ভরে রহ আও বনে ব্রজ-নারী,
- মিলবে শ্যামক শত শত আদর শত শত লোচন বারি!

(23)

বা।

মরণরে,

তুঁহঁ মম শ্যাম সমান!
মেঘ বরণ তুঝা, মেঘ জাটাজুট,
রক্ত কমল কর, রক্ত অধর-পুট,
তাপ-বিমোচন কৰুণ কোর তব,
মৃত্যু অমৃত করে দান!
তুহুঁ মম শ্যাম সমান।

মরণরে,

শ্যাম তোঁহারই নাম, চির বিসরল যব্, নিরদয় মাধব তুঁ হুঁ ন ভইবি মোয় বাম!

ভান্থসিংহের পদাবলী।

আকুল রাধা রিঝ অতি জরজর, ঝারই নয়ন দউ অনুখন ঝারঝার, তুঁ তুঁ মম মাধব, তুঁ তুঁ মম দোসর, তুল্ মম তাপ যুচাও, মরণ ছু আওরে আও। ভুজ পাশে তব লহ সমোধয়ি, অাখিপাভ মঝু আসব মোদয়ি, কোর উপর তুঝ রোদয়ি রোদয়ি নীদ ভরব সব দেহ। ভুঁ হুঁ নহি বিসরবি, তুঁ হু নহি ছোড়বি রাধা-ছাদয় তু কবহু ন ভোড়বি, হিয়-হিয় রাখবি অনুদিন অনুখণ অতুলন তোঁহার লেহ। দুর সঙে তুঁত্ বাশি বজাওসি, অনুখণ ডাকিনি, অনুখণ ডাকিনি वांश वांश वांश,

ভাহিনিংহের পদাবলী।
দিবস ফুরাওল, অবহুঁ ম যাওব,
বিরহ ভাপ তব অবহুঁ ঘুচাওব,
কুঞ্জ-বাট পর অবহুঁ ম ধাওব
সব কছু টুটইব বাধা!
গগন সঘন অব, তিমির মগন তব,
তড়িত চকিত অতি, ঘোর মেঘ রব,
শাল ভাল তক সভয় তবধ সব,
পদ্ধ বিজন অতি ধোর,
একলি যাওব তুঝা অভিসারে,

়পস্থ বিজন অতি খোর, একলি যাওব তুঝ অভিসারে, যা'ক পিয়া তুঁ হুঁ কি ভয় তাহারে, ভয় বাধা সব অভয় মুরতি ধরি, পস্থ দেখাওব মোর।

ভানু সিংহ কহে, "ছিয়ে ছিয়ে রাধা চঞ্চল হাদয় ভোহারি,

মাধব পত্ মম, প্রিয় স মরণদে অব তুঁত্ দেখ বিচারি!" Barcode: 4990010051853
Title - Bhanusingha Thakurer Padabali
Author - Tagore, Rabindranath
Language - bengali
Pages - 78
Publication Year - 1884
Barcode EAN.UCC-13

